# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

## হাদিস নাম্বারঃ ১৬৯৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৬৮৬]

১৭/ নিষিদ্ধ বিষয়াবলী (كتاب الأمور المنهي عنها)

পরিচ্ছেদঃ ৩০৫ : পাথর, দেওয়াল, ছাদ, মুদ্রা ইত্যাদিতে প্রাণীর মূর্তি খোদাই করা হারাম। অনুরূপভাবে দেওয়াল, ছাদ, বিছানা, বালিশ, পর্দা, পাগড়ী, কাপড় ইত্যাদিতে প্রাণীর চিত্র অঙ্কন করা হারাম এবং মূর্তি ছবি নষ্ট করার নির্দেশ

(305) بَابُ تَحْرِيْمِ تَصْوِيْرِ الْحَيَوَانِ فِيْ بِسَاطٍ أَوْحَجَرٍ أَوْ ثَوْبٍ أَوْ دِرْهَمٍ أَوْ مُخَدَّةٍ أَوْ دِيْنَارٍ أَوْ وِسَادَةٍ وَغَيْرِ ذٰلِكَ وَتَحْرِيْمِ اِتِّخَاذِ الصُّوْرَةِ فِيْ حَائِطٍ وَسَقْفٍ وَسِتْرٍ وَعِمَامَةٍ وَثَوْبٍ وَنَحْوِهَا وَالْأَمْرُ بِإِتْلَافِ الصُّوَرِ

---

আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللهُ عَنهَا، قَالَتْ : وَاعَدَ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم جِبرِيلُ عليه السلام، في سَاعَةٍ أَنْ يَأتِيَهُ، فَجَاءتْ تِلْكَ السَّاعَةُ وَلَمْ يَأتِهِ ! قَالَتْ : وَكَانَ بِيَدِهِ عَصاً، فَطَرَحَهَا مِنْ يَدِهِ وَهُوَ يَقُولُ : «مَا يُخْلِفُ اللهُ وَعْدَهُ وَلاَ رُسُلُهُ». ثُمَّ التَفَتَ، فَإِذَا جَرْوُ كَلْبٍ تَحْتَ سَرِيرِهِ . فَقَالَ: «مَتَى دَخَلَ هَذَا الكَلْبُ ؟» فَقُلْتُ : وَاللهِ مَا دَرَيْتُ بِهِ، فَأَمَرَ بِهِ فَأُخْرِجَ، فَجَاءَهُ جِبْرِيلُ عليه السلام، فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم: «وَعَدْتَنِي، فَجَلَسْتُ لَكَ وَلَمْ تَأْتِني» فَقَالَ: مَنَعَنِي الكَلْبُ الَّذِي كَانَ فِي بَيْتِكَ، إنَّا لاَ نَدْخُلُ بَيْتاً فِيهِ كَلْبٌ وَلاَ صُورَةٌ . رواه مسلم

বাংলা

৯/১৬৯৫। আয়েশা রাদিয়াল্লাহু আনহা হতে বর্ণিত, তিনি বলেন, একদা জিব্রীল আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে কোন এক সময়ে সাক্ষাৎ করার জন্য ওয়াদা করেন। সুতরাং সে নির্ধারিত সময়টি এসে পৌঁছল; কিন্তু জিব্রীল আসলেন না। আয়েশা রাদিয়াল্লাহু আনহা বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর হাতে একটি লাঠি ছিল। তিনি তা ফেলে দিলেন এবং বললেন, ''আল্লাহ নিজ প্রতিশ্রুতি ভঙ্গ করেন না এবং তাঁর দূতগণও না।'' তারপর তিনি ফিরে দৃষ্টি নিক্ষেপ করে দেখতে পেলেন যে, তাঁর খাটের নীচে একটি কুকুর ছানা বসে আছে। তখন তিনি বললেন, ''এ কুকুরটি কখন এখানে ঢুকে পড়েছে?'' [আয়েশা বলেন] আমি বললাম, 'আল্লাহর কসম! আমি ওর ব্যাপারে জানতেই পারিনি।'

সুতরাং তিনি আদেশ দিলে ওটাকে বাইরে বের করা হল। তারপর জিব্রীল -এর আগমন ঘটল। তখন আল্লাহর

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম [অভিযোগ করে] বললেন, ’’আপনি আমার সঙ্গে ওয়াদা করেছিলেন, আর আমি আপনার প্রতীক্ষায় বসেছিলাম, অথচ আপনি আসলেন না?’’ জিব্রীল বললেন, ’আমাকে ঐ কুকুর ছানাটি [ঘরে ঢুকতে] বাধা দিয়েছিল; যেটা আপনার ঘরের মধ্যে ছিল। নিশ্চয় আমরা সে ঘরে প্রবেশ করি না, যে ঘরে কুকুর কিম্বা কোন ছবি বা মূর্তি থাকে।’ (মুসলিম) [1]

## English

(305) Chapter: Prohibition of Drawing Portraits

'Aishah (May Allah be pleased with her) said:
Jibril (Gabriel) (ﷺ) made a promise with the Messenger of Allah (ﷺ) to come at a definite hour; that hour came but he did not visit him. There was a staff in the hand of the Messenger of Allah (ﷺ). He threw it from his hand and said, "Never does Allah back out of His Promise, nor do His messengers." Then he noticed a puppy under his bed and said, "O 'Aishah, when did this dog enter?" She said: "By Allah, I don't know." He then commanded that it should be turned out. No sooner than had they expelled it, Jibril came and the Messenger of Allah (ﷺ) said to him, "You promised to visit me. I waited for you but you did not come." Whereupon he said: "The dog kept me from coming. We do not enter a house in which there is a dog or a picture."

[Muslim].

Commentary: This Hadith has an elaboration of the preceding Hadith and tells us that a puppy had entered the house of the Prophet (PBUH) and he did not know about it. The presence of the puppy in the house obstructed the visit of Jibril (Gabriel). It is a pity that now many Muslims keep dogs in their houses in imitation of the Europeans and also display in their showcases photographs of animals, or their own family members, or pictures of their deceased parents, or their mentor, or some saint for the sake of blessing, little knowing that such pictures deprive one of the Blessings of Allah rather than bestowing it upon them.

ফুটনোট

[1] মুসলিম ২১০৪, আহমাদ ২৪৫৭৬

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন ▯ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=31072

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন